

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৪০

পর্ব ২১: খাদ্য (ইৰু الأطعمة)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الْفَصلُ التَّالِثُ

আরবী

وَعَنْهُ قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا وُضِعَ الطَّعَامُ فَاخْلَعُوا نِعَالَكُمْ فإنَّه أَرْوَحُ لأقدامكم»

বাংলা

8২৪০-[৮২] উক্ত রাবী [আনাস ইবনু মালিক (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন খাবার উপস্থিত করা হয়, তখন তোমরা জুতা খুলে নাও। কেননা তাতে প্রশান্তি রয়েছে।[1]

ফুটনোট

[1] খুবই য'ঈফ: দারিমী ২০৮০, য'ঈফুল জামি' ৭১৯, আল জামি'উস্ সগীর ১৭৩২, আল মু'জামুল আওসাত্ব ৩২০২।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ হলো "মূসা ইবনু মুহাম্মাদ ইবনু ইব্রাহীম ইবনু হারিস আত্ তায়মী আবূ মুহাম্মাদ আল মাদানী" নামক এক বর্ণনাকারী আছে সনদে, সে সকলের সর্বসম্মতিক্রমে য'ঈফ। বিস্তারিত দেখুন-সিলসিলাতুয় য'ঈফাহ ৯৮০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ যখন তোমরা খাদ্য খাবে তখন জুতাদ্বয় খুলে রেখে খাদ্য খাবে, যা অধিক প্রশান্তিদায়ক। (মিরক্বাতুল মাফাতীহ)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন